

খুলনা বিশ্ববিদ্যালয়
ইংরেজি ডিসিপ্লিন

MA in English Language Teaching প্রোগ্রাম, শিক্ষাবর্ষ ২০২৫-২০২৬ (২য় ব্যাচ)
ভর্তি সংক্রান্ত তথ্যাবলী

- ১। প্রোগ্রামের শিরোনাম : MA in English Language Teaching
- ২। প্রোগ্রামের মেয়াদ : ক) থিসিস ব্যতীত : ০১ বছর (০২ টার্ম)
খ) থিসিসসহ : ০১ বছর ০৬ মাস (০৩ টার্ম)
- ৩। আসন সংখ্যাঃ সাধারণ আসন সংখ্যা ৫৫ (পঞ্চগন)। এছাড়া, মুক্তিযোদ্ধা ও উপজাতি কোটায় আরও ১টি করে মোট ২টি আসন সংরক্ষিত থাকবে। কোটায় আসন শূন্য থাকলে সাধারণ মেধা তালিকা থেকে মেধাক্রম অনুযায়ী আসন পূর্ণ করা হবে।
- ৪। আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা :
- (ক) প্রার্থীর এস এস সি থেকে শুরু করে পরবর্তী সকল পরীক্ষায় কমপক্ষে দ্বিতীয় বিভাগ/শ্রেণি/সিজিপিএ ২.২৫ থাকতে হবে।
- (খ) উপরন্তু, প্রার্থীর নিম্নলিখিত যে কোনো একটি যোগ্যতা থাকতে হবেঃ
- (i) স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয়/সমমানের প্রতিষ্ঠান থেকে ইংরেজি/যে কোনো বিষয়ে ০৪ বছর বা ০৩ বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি।
অথবা
- (ii) স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয়/সমমানের প্রতিষ্ঠান থেকে ০৩ বছর মেয়াদি স্নাতক ও ০২ বছর মেয়াদি স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে।
এছাড়াও কমপক্ষে ০২ বছরের চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে।
অথবা
- (iii) স্নাতক /স্নাতক (সম্মান)/মাস্টার্সে অবতীর্ণ প্রার্থীরা আবেদন করতে পারবেন। তবে উত্তীর্ণ হওয়ার সার্টিফিকেট ক্লাস শুরুর তারিখ হতে পরবর্তী ৮ (আট) সপ্তাহের মধ্যে দাখিল করতে হবে। অন্যথায় ভর্তি বাতিল হয়ে যাবে।
- ৫। প্রোগ্রামটি নিজ খরচে সম্পন্ন করতে হবে।
- ৬। ডিসিপ্লিনের ওয়েবসাইট www.ku.ac.bd/discipline/eng/notices থেকে আবেদনপত্র ও ভর্তি সংক্রান্ত তথ্যাবলী সংগ্রহ করতে হবে। প্রার্থীকে ডিসিপ্লিন কার্যালয়ে আবেদনপত্রের মূল্য বাবদ ২,২০০/- (দুই হাজার দুইশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (সভাপতি, এমএ ইন ইএলটি নামে অগ্রণী ব্যাংক, পিএলসি খুলনা বিশ্ববিদ্যালয় শাখায় প্রদেয়) প্রদান করতে হবে।
- ৭। আবেদনপত্রের সাথে ছবিসহ নিম্নলিখিত সনদপত্র সংযুক্ত করতে হবে :
- (ক) সকল পরীক্ষার সত্যায়িত মার্কশীট/ট্রান্সক্রিপ্ট ও সনদপত্রের কপি এবং প্রযোজ্য অন্য সব সনদপত্রের কপি।
- (খ) পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি ছবি
- (গ) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট
- (ঘ) চাকুরীরত প্রার্থীর ক্ষেত্রে আবেদনপত্রের সাথে নিয়োগকর্তা প্রদত্ত অভিজ্ঞতার সনদপত্র অবশ্যই দাখিল করতে হবে।
- ৮। ২৫ জুন, ২০২৬ খ্রি. তারিখের মধ্যে দুই কপি ছবি ও প্রয়োজনীয় অন্যান্য কাগজপত্রসহ আবেদনপত্র অফিস চলাকালীন সময়ে ৩য় একাডেমিক ভবনস্থ ইংরেজি ডিসিপ্লিন এর কার্যালয়ে জমা দিতে হবে।
- ৯। ভর্তি পরীক্ষার ফলাফল নিজ দায়িত্বে ইংরেজি ডিসিপ্লিনের নোটিশ বোর্ড/ ডিসিপ্লিনের ওয়েবসাইট www.ku.ac.bd/discipline/eng/notices থেকে জেনে নিয়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।



১০। ভর্তি সংক্রান্ত তারিখসমূহঃ

- ক) ভর্তি ফরম জমা দেয়ার তারিখ (সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন ব্যতীত) : ০৭ মে থেকে ২৫ জুন, ২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত (সকাল ১০:০০ টা থেকে বিকাল ৪:০০টা পর্যন্ত)
- খ) যোগ্য প্রার্থীর তালিকা প্রকাশ : ৩০ জুন, ২০২৬ খ্রি.
- গ) ভর্তি পরীক্ষার তারিখ ও সময় (লিখিত ও মৌখিক) : লিখিত পরীক্ষা : ০৪ জুলাই, ২০২৬ খ্রি. (সকাল ৯:৩০ থেকে শুরু)
মৌখিক পরীক্ষা : ০৪ জুলাই, ২০২৬ খ্রি. (বিকাল ২:০০ থেকে শুরু)
- ঘ) উত্তীর্ণ প্রার্থীদের তালিকা প্রকাশ : ০৫ জুলাই, ২০২৬ খ্রি.
- ঙ) সাধারণ আসন থেকে ভর্তি : ১২ জুলাই, ২০২৬ খ্রি. সকাল ১০:০০ টা থেকে বিকাল ৩:০০ টা পর্যন্ত
- চ) কোটা তালিকায় নির্বাচিত প্রার্থীদের ভর্তি : ১২ জুলাই, ২০২৬ খ্রি. সকাল ১০:০০ টা থেকে বিকাল ৩:০০ টা পর্যন্ত
- ছ) অপেক্ষমান তালিকায় ভর্তির জন্য প্রার্থীদের নিবন্ধন : ১২ জুলাই, ২০২৬ খ্রি. বিকাল ৩:০০ টা থেকে বিকাল ৪:০০ টা পর্যন্ত (সিট খালি থাকা সাপেক্ষে)
- জ) অপেক্ষমান তালিকায় নির্বাচিত প্রার্থীদের ভর্তি : ১২ জুলাই, ২০২৬ খ্রি. বিকাল ৪:০০ টা থেকে বিকাল ৫:০০ টা পর্যন্ত
- ঝ) কোর্স রেজিস্ট্রেশন (জরিমানা ব্যতীত) : ১৯ জুলাই থেকে ২৫ জুলাই, ২০২৬ খ্রি. পর্যন্ত
(জরিমানাসহ) : ২৬ জুলাই থেকে ০১ আগস্ট, ২০২৬ খ্রি. পর্যন্ত
- ঞ) ক্লাশ শুরু : ১৯ জুলাই, ২০২৬ খ্রি.

১১। (ক) থিসিস গ্রহণে আগ্রহী প্রার্থীদের মৌখিক পরীক্ষা : ১৫ জুলাই, ২০২৬ খ্রি. সকাল ১১:০০ থেকে দুপুর ১:০০ পর্যন্ত

(খ) থিসিস গ্রহণের ক্ষেত্রে BA (Hons.) in English with Project/Thesis সহ CGPA কমপক্ষে ৩.২৫ থাকতে হবে।


১২। ভর্তি বিষয়ক যে কোনো নিয়ম-কানুন পরিবর্তন, পরিবর্ধন ও সংযোজনের ক্ষমতা খুলনা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

বিঃ দ্রঃ

১। ভর্তি পরীক্ষা লিখিত ৩৫ ও মৌখিক ১৫ নম্বরের হবে।

২। কোটা তালিকায় নির্ধারিত প্রার্থীদের ভর্তি খুলনা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক সনদপত্রের সভ্যায়ন প্রাপ্তি সাপেক্ষে চূড়ান্ত হবে।

৩। ইউজিসি কর্তৃক যে সকল বিশ্ববিদ্যালয়ের সনদ অবৈধ ঘোষিত হয়েছে সে সকল প্রতিষ্ঠানের সনদধারীদের ভর্তির আবেদন গৃহীত হবে না।



(প্রফেসর ড. আব্দুর রহমান শাহীন)

প্রধান, ইংরেজি ডিসিপ্লিন

ও

সভাপতি

MA in ELT ভর্তি কমিটি (শিক্ষাবর্ষ: ২০২৫-২০২৬, ২য় ব্যাচ)

খুলনা বিশ্ববিদ্যালয়

খুলনা- ৯২০৮

